খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।
(ভেটেরিনারি দপ্তর)

গত ২৮/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের জি.আই.জেড সভা কক্ষে পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির **সভাপতি ও ০১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শাহাদাত মিনা,** কেসিসি এর সভাপতিত্বে পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্য বিবরণী নিম্নে উল্লেখ করা হলো।

সভায় উপস্থিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সদস্যবৃন্দ ঃ

ক)	জনাব মোঃ শাহাদাত মিনা	সভাপতি-পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ও	সম্মানিত কাউন্সিলর,	ওয়ার্ড নং - ২০,	কেসিসি।
খ)	জনাব এস.এম. খুরশিদ আহম্মেদ	সদস্য-পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ও	সম্মানিত কাউন্সিলর,	ওয়ার্ড নং - ১৩,	কেসিসি।
গ)	জনাব মোঃ শরিফুল ইসলাম	সদস্য-পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ও	সম্মানিত কাউন্সিলর,	ওয়ার্ড নং -১০,	কেসিসি।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ঃ

(ক)	ডাঃ শরীফ শাম্মীউল ইসলাম	- স্বাস্থ্য কর্মকর্তা	- কেসিসি।
(খ)	ড. পেরু গোপাল বিশ্বাস	- ভেটেরিনারি সার্জন	- কেসিসি।
(গ)	জনাব রেজবিনা খানম	- স্থপতি	- কেসিসি।
(ঘ)	জনাব এস.কে.এম তাছাদুজ্জামান	- শিক্ষা ও সাংস্কৃতিক কর্মকর্তা	- কেসিসি।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করেন এবং পরম করুণাময় আল্লাহর নামে সভার কার্য্য শুরু করেন।

আলোচ্যসূচী	আলোচনা	সুপারিশমালা
আলোচ্যসূচী -০১ ঃ আসন্ন ঈদ-উল-আযহা/২০২৪ উপলক্ষ্যে পরিবেশ রক্ষায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানী কার্যক্রম বিষয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণ।	আলোচনা ঃ অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক ভেটেরিনারি সার্জন জনাব ড. পেরু গোপাল বিশ্বাসকে সভার এজেন্ডা উপস্থাপনের জন্য বলেন। ভেটেরিনারি সার্জন সভায় উপস্থিত সভার সভাপতি ও অন্যান্য সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় পূর্বক অদ্যকার সভার ০১ নং এজেন্ডা আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৪ উপলক্ষ্যে পরিবেশ রক্ষায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানী কার্যক্রম বিষয়ে আলোচনায় বলেন, খুলনা সিটি কর্পোরেশন এলাকায় প্রতি বছরের ন্যায় এ বছরও আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৪ উপলক্ষ্যে পরিবেশ রক্ষায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানী কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কেসিসি'র ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে নির্দিষ্ট স্থান নির্ধারণ পূর্বক যথাযথ ব্যবস্থা গহণ করতে হবে। তাই আজকের এই সভায় উপস্থিত সভাপতি মহোদয় সহ সকলের সুচিন্তিত মতামত আমাদের একান্ত কাম্য। এ সময়ে সভার সভাপতি মহোদয় জানতে চান খুলনা মহানগরী এলাকায় গত বছর মোট কতটি স্থান নির্ধারণ করা হয়েছিল? ভেটেরিনারি সার্জন জনাব ড. পেরু গোপাল বিশ্বাস বলেন, গত বছর কেসিসি'র ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে সম্মানিত কাউন্সিলর মহোদয়গণ মোট ১৪১ টি নির্দিষ্ট স্থান নির্ধারণ করেছিলেন। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যদের মধ্যে জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র-২ ও সম্মানীত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, কেসিসি, বলেন গত বছর নির্দিষ্ট স্থানে পশু কোরবানী কার্যক্রম পরিচালনার জন্য প্রতিটি ওয়ার্ডে কত টাকা বরাদ্দ করা হয়েছিল? তখন ড. পেরু গোপাল বিশ্বাস বলেন, গত বছর কেসিসি'র ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে সার্বিক বিবেচনায় কোন ওয়ার্ডে ৪,০০০/- টাকা আবার কোন ওয়ার্ডে ৪,৫০০/- টাকা (ভ্যাট বাদে) হারে ভ্যাট সহ মোট ১,৫২,৯৫০/- টাকা প্রদান করা হয়। এখানে উল্লেখ্য যে, সম্মানিত কাউন্সিলর জনাব শেখ মোঃ গাউসুল আজমের, ২০ নং ওয়ার্ডে বরাদ্দকৃত টাকা গ্রহণ করেন নাই। যা পূণরায় কেসিসি'র ক্যাশ শাখায় ফেরত প্রদান করা হয়। এ সংক্রান্ত নথিপত্র তিনি সভায় উপস্থাপন করেন।	১) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডের কেন্দ্রের পরিমান হিসাবে প্রতিটি কেন্দ্রে জন্য ৩,০০০/- টাকা হারে বরাদ্দ দেওয়া যেতে পারে। উল্লেখ্য ২০২৩ সালে সংশ্লিষ্ট ওয়ার্ডে নির্ধারিত স্থানের সংখ্যা এ বছর বৃদ্ধি করা যাবে না, তবে স্থানের পরিবর্তন বা সংখ্যা কমানো যেতে পারে। এছাড়া মহানগরীতে মোট স্থান ১৪১ টির বেশী কোনক্রমে হবে না। ২) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে অন্যান্য বছরের ন্যায় কেন্দ্রীয়ভাবে ভেটেরিনারি দপ্তরের মাধ্যমে ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে মাইকিং-প্রচারণাসহ সার্বিক সমন্বয়ের দায়িত্ব দেওয়া যেতে পারে।

	এ সময়ে সভার সদস্য জনাব মোঃ শরিফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১০, কেসিসি বলেন, প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে পশু জবাই কার্যক্রম পরিচালনায় পূর্বের বরাদ্দকৃত টাকার পরিমান খুবই সামান্য। যা দিয়ে একটি কেন্দ্র পরিচালনা করা কঠিন হয়ে পড়ে। এ সময়ে সভার সভাপতি মহোদয় সহ সভার অন্যতম সদস্য জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র-২ ও সম্মানীত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, কেসিসি, বলেন এ বছর প্রতিটি কেন্দ্র পরিচালনায় টাকার পরিমান বাড়াতে হবে। প্রতিটি কেন্দ্রের জন্য প্রয়োজনীয় উপকরণ সমুহ ঃ ০১ টি কেন্দ্রের জন্য ক) ০২ জন শ্রমিক, খ) ০১ টি ভ্যান, গ) ০৩ টি কাঠের গুড়ি, ঘ) ৬/৮ টি হোগলার চাটাই, ঙ) ০২ টি ঝুড়ি ও চ) ২০ টি চেয়ার সহ প্রয়োজনীয় পানির ব্যবস্থা থাকতে হবে। এ জন্য ০১ টি কেন্দ্রে কমপক্ষে ৩,০০০/- টাকা হারে বরাদ্দ হলে মোটামুটিভাবে চালিয়ে নেওয়া যাবে। এমনিভাবে প্রতিটি ওয়ার্ডের কেন্দ্রের পরিমান হিসাবে প্রতিটি কেন্দ্রে জন্য ৩,০০০/- টাকা হারে বরাদ্দ হলে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম পরিচালনা করা সম্ভব। এ সময়ে সভার সভাপতি মহোদয় বলেন, প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরের নেতৃত্বে, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি বর্গের (ইমাম সহ অন্যান্য) সহযোগিতায় ওয়ার্ড বাসীকে এ সম্পর্কে অবহিত করতে হবে। এছাড়া অন্যান্য বছরের ন্যায় কেন্দ্রীয়ভাবে ভেটেরিনারি দপ্তরের মাধ্যমে ০১ থেকে ৩১ নং ওয়ার্ডে মাইকিং-প্রচারণাসহ সমন্বয়ের সার্বিক দায়িত্ব দেওয়া যেতে পারে। সংশ্লিষ্ট ওয়ার্ডের ওয়ার্ড সচিব ওয়ার্ডের জন্য বরাদ্দকৃত টাকা গ্রহণ করবেন এবং উক্ত টাকার সমন্বয় সাধনে পবিত্র ঈদ-উল-আযহা/২০২৪ সম্পন্নের পরবর্তী এক মাসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা/সহযোগিতা করবেন। সভায় উপস্থিত কেসিসি'র পূর্ত বিভাগের প্রতিনিধি জনাব রেজবিনা খানম, স্থপতি, বলেন খুলনা মহানগরীর পরিবেশ রক্ষায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম পরিচালনায় পূর্বের ন্যায় ভেটেরিনারি দপ্তর কর্তৃক প্রস্তুত পূর্বক সবরাহকৃত নির্দিষ্ট স্থানের তালিকা অনুযায়ী, প্রতিটি স্থানে পূর্ত বিভাগ তার সক্ষমতা অনুসারে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে সচেষ্ট থাকবে বলে আশ্বস্থ করেন। তিনি আরও বলেন উক্ত নির্দিষ্ট স্থানের তালিকা আই.টি শাখার মাধ্যমে কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশ করলে নগরবাসী উপকৃত হবে। সভায় উপস্থিত জনাব এস.কে.এম তাছাদুজ্জামান, শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার, কেসিসি বলেন খুলনা মহানগরীর পরিবেশ রক্ষায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম পরিচালনায় পূর্বের ন্যায় প্রতিটি কেন্দ্রের নিকটস্থ ইমামগণ যাতে অবহিত থাকেন, সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে করে খুলনা মহানগরীর সকল কোরবানিদাতা সহ ধর্মপ্রিয় মুসলমান পবিত্রতা ও পরিবেশ রক্ষায় ভূমিকা রাখতে পারে। সভায় উপস্থিত সদস্যদের মধ্যে জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র-২ ও সম্মানীত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, কেসিসি, বলেন প্রতি বছরের ন্যায় নির্দিষ্ট স্থানে পশু কোরবানি শেষে অতি দ্রুততার সাথে কোরবানির পশুর বর্জ্য অপসারণ করতে হবে। পাশাপাশি প্রতিটি কেন্দ্র পানি দিয়ে ধুয়ে উক্ত স্থানে ব্লিচিং পাউডার ও স্যাভলন ছিটাতে হবে। তাই কেসিসি'র কঞ্জারভেন্সি বিভাগকে প্রতিটি ওয়ার্ডে প্রয়োজনীয় ব্লিচিং ও স্যাভলন সরবরাহের ব্যবস্থা করতে হবে। অতপরঃ সভার সভাপতি মহোদয় সহ অন্যান্য সদস্যগণ এবং সভায় উপস্থিত কর্মকর্তাগণ উপরিল্লিখিত ১ নং এজেন্ডার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলেই একমত পোষণ করেন এবং কিছু সুপারিশ পেশ করেন।	৩) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডের ইমামদের অবহিতকরনের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন, খুলনা, কেসিসি পরিচালিত ফোরকানিয়া মাদ্রাসা সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবগত করার দায়িত্ব কেসিসি'র শিক্ষা ও সাংস্কৃতিক অফিসারকে দেওয়া যেতে পারে। ৪) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানের তালিকা, ওয়েব সাইটে প্রকাশের লক্ষ্যে আই.টি ম্যানেজারকে দায়িত্ব দেওয়া যেতে পারে। ৫) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানের তালিকা অনুযায়ী, প্রতিটি স্থানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে পূর্ত বিভাগকে দায়িত্ব দেওয়া যেতে পারে। ৬) কেসিসিতে নির্দিষ্ট স্থানে পশু কোরবানি কার্যক্রম বাস্তবায়নে প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানের কোরবানির বর্জ্য দ্রুত অপসারণ সহ উক্ত স্থান গুলিতে ব্লিচিং পাউডার ও স্যাভলন ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কঞ্জারভেন্সি বিভাগকে দায়িত্ব দেওয়া যেতে পারে।
০২. বিবিধ ঃ	সভায় উপস্থিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির অন্যতম সদস্য জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, প্যানেল মেয়র-২ ও সম্মানীত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩, কেসিসি, বলেন, মহানগরীতে যে সকল এন.জি.ও পরিবেশ নিয়ে কাজ করে, তাদের কার্যক্রম সম্পর্কে ওয়াকিবহাল হওয়া প্রয়োজন। তিনি বলেন যত দ্রুত সম্ভব পরিবেশ সম্পর্কিত এন.জি.ও গুলির সাথে আমাদের একটি আলোচনা সভা করা প্রয়োজন।	সুপারিশমালা ঃ ১) কেসিসি এলাকায় পরিবেশ সংশ্লিষ্ট কার্যক্রমে নিয়োজিত এন.জি.ও গুলির সাথে পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির আলোচনা সভার আয়োজন করা যেতে পারে।

অতপরঃ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্মারক নং ঃ ৪৬.১৩.০০০০.০১২.১৬.০৭৭.১৪- ১৩৩

অনুলিপি ঃ

১। সম্মানীত সকল সদস্যবৃন্দ, পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি, কেসিসি।
২। সম্মানীত কাউন্সিলরবৃন্দ, কেসিসি।

স্মারক নং ঃ ৪৬.১৩.০০০০.০১২.১৬.০৭৭.১৪- ১৩৩

অনুলিপি ঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি।
২। সচিব, কেসিসি।
৩। সকল বিভাগীয়/শাখা প্রধানগণ, কেসিসি।
৪। সি.এ টু মেয়র, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) কেসিসি।
৫। সংশ্লিষ্ট নথি।

(মোঃ শাহাদাত মিনা)
সভাপতি
পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮/০৫/২০২৪ খ্রিঃ

(মোঃ শাহাদাত মিনা)
সভাপতি
পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

তারিখ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮/০৫/২০২৪ খ্রিঃ

(মোঃ শাহাদাত মিনা)
সভাপতি
পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।